# আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট
## ঢাকা সেনানিবাস
**তারিখঃ ৩১ আগস্ট ২০২৫**

## বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে কুয়েতে ডেপুটেশনে (ওকেপি-৫) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ফার্মাসিস্ট নিয়োগের বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে কুয়েতে ডেপুটেশন (ওকেপি-৫) এ নিয়োজিত বাংলাদেশ কন্টিনজেন্টের সাথে কাজ করার নিমিত্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী বিবাহিত/অবিবাহিত নাগরিকদের (পুরুষ) নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছেঃ

| পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স | শারীরিক যোগ্যতা | বেতন, ভাতা ও অন্যান্য সুবিধা |
|---|---|---|---|---|
| ফার্মাসিস্ট<br>সংখ্যা-১৪ | ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফার্মেসীতে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী (উভয়ক্ষেত্রে কমপক্ষে ২য় শ্রেণী/জিপিএ-২.৭)<br><br>খ। ফার্মাসিষ্ট হিসেবে ন্যূনতম ৩ বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>গ। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে আরবি ভাষা কোর্স সম্পন্ন/কোর্সে অংশগ্রহণরত ও আরবি ভাষা জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | সর্বোচ্চ ৪০ বৎসর | ক। উচ্চতা সর্বনিম্ন ৫´-৪´´<br>খ। স্থূলতা বর্জিত।<br>গ। সম্মিলিত সামরিক হাসপাতালে ডাক্তারী পরীক্ষায় যোগ্য হতে হবে। | **বেতন ও ভাতা (মাসিক)ঃ**<br>১। **মুল বেতনঃ** ৮৭৭ কেডি (১ কেডি=৩৯৭ টাকা প্রায়)।<br>২। **আমিরি অনুদানঃ** ৫০ কেডি/মাসিক<br>৩। **রিওয়ার্ড ভাতাঃ** প্রতি বছরের জন্য ১.৫ (দেড়) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (প্রেষণ শেষে) এককালীন প্রদান করা হবে।<br>৪। **বাড়ীভাড়া ভাতাঃ**<br>ক। বিবাহিতঃ ৪০০ কেডি (পরিবার গমনের পর হতে প্রাপ্য হবে)।<br>খ। অবিবাহিতঃ ৩০০ কেডি<br><br>**অন্যান্য সুবিধাঃ**<br>১। **পদমর্যাদাঃ** ক্যাপ্টেন (কুয়েত আর্মি)।<br>২। **ছুটিঃ**<br>ক। বাৎসরিক ছুটিঃ প্রতি ক্যালেন্ডার বৎসরে ৪০ দিন।<br>খ। ইমার্জেন্সী ছুটিঃ প্রেষণে নিয়োগকালীন শুধুমাত্র একবার ২০ দিন।<br>গ। হজ্জ/ওমরা ছুটিঃ প্রেষণে নিয়োগকালীন সর্বমোট ২০ দিন।<br>৩। **বিমান টিকিটঃ**<br>ক। **ঢাকা-কুয়েতঃ** প্রেষণে যোগদানকালীন এবং প্রেষণ শেষে (ফেরত) নিজ এবং পরিবারের জন্য বিমান ভাড়া কুয়েত কর্তৃপক্ষ বহন করবে।<br>খ। **কুয়েত-ঢাকা-কুয়েতঃ** বাৎসরিক ছুটি সাপেক্ষে নিজ এবং পরিবারের জন্য প্রতি ক্যালেন্ডার বৎসরে একবার। |

২। **ভর্তির আবেদন এবং পরীক্ষার নিয়মাবলীঃ**

ক। অনলাইনে আবেদনের তারিখ ঃ **০১ সেপ্টেম্বর ২০২৫ হতে ২১ সেপ্টেম্বর ২০২৫** পর্যন্ত **https://www.afmibd.net** এই Website এ আবেদন করা যাবে। উল্লেখ্য, অনলাইনে আবেদনের ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে সশরীরে এএফএমআই, ঢাকা সেনানিবাসে এসে আবেদন করা যাবে।

খ। প্রবেশপত্র সংগ্রহের তারিখঃ **২২ সেপ্টেম্বর ২০২৫ হতে ২৫ সেপ্টেম্বর ২০২৫** পর্যন্ত। (এএফএমআই ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে)

গ। আবেদন ফি ২,০০০.০০ (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য)।

ঘ। MCQ পদ্ধতিতে ০১ (এক) ঘন্টা ৪০ (চল্লিশ) মিনিটব্যাপী ১০০ (একশত) নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঙ। ভর্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ আগামী **২৬ সেপ্টেম্বর ২০২৫** তারিখ ১০০০-১১৪০ ঘটিকা পর্যন্ত লিখিত পরীক্ষা এএফএমআই, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে।

চ। লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণের তালিকা, প্রাথমিক স্বাস্থ্য এবং মৌখিক পরীক্ষার তারিখ ও সময় **২৮ সেপ্টেম্বর ২০২৫** তারিখে এএফএমআই এর ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

ছ। মৌখিক পরীক্ষায় চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা সেনাসদর, এজি'র শাখা (চিকিৎসা পরিদপ্তর) কর্তৃক অনুমোদন স্বাপেক্ষে এএফএমআই এর ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

জ। নির্বাচিত প্রার্থীগন নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে চুড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত হবেন।

মোঃ মোজাক্কেরুল আল-আমিন
মেজর
এ্যাডজুটেন্ট
এএফএমআই, ঢাকা সেনানিবাস

C:\Users\AFMI TRG BR\Desktop\Admission Circular-OKP-5 (2025)\01. Admission Circular-OKP-5 (2025) - AFMI.docx

৩। **নিয়োগের অন্যান্য শর্তাবলীঃ**

ক। প্রাথমিক নিয়োগকাল ০৩ (তিন) বৎসর। তবে উভয় পক্ষের সম্মতিক্রমে ডেপুটেশনের মেয়াদ বৃদ্ধির সুযোগ থাকবে। নিয়োগকালে চিকিৎসা, যানবাহন, সামরিক পোষাক বিনামূল্যে প্রাপ্য হবেন এবং ওকেপি (অপারেশন কুয়েত পূর্ণগঠন) এর অন্যান্য সকল শর্তাবলী এ নিয়োগের জন্য প্রযোজ্য হবে। দায়িত্ব পালন শেষে বাংলাদেশে প্রত্যাবর্তনের সাথে সাথে অস্থায়ী নিয়োগ হতে অব্যাহতি দেয়া হবে এবং পরবর্তীতে প্রেষণে নিয়োজিত সময়ের জন্য অন্য কোন ভাতা ও সুযোগ সুবিধা প্রাপ্য হবেন না।

খ। সেনাসদরের বিদ্যমান নীতিমালার আলোকে কুয়েতে নিয়োগের জন্য সামরিক/বেসামরিক ব্যক্তিবর্গকে পদবী অনুযায়ী নির্ধারিত হারে এককালীন সার্ভিস চার্জ প্রদান করতে হবে। এছাড়া কুয়েত গমনের ন্যূনতম ০৬ মাসের মধ্যে ০১ মাসের বেতন সিকিউরিটি মানি হিসেবে জমা করতে হবে, যা কুয়েত হতে প্রত্যাবর্তনের পর সার্ভিস চার্জ কর্তন করতঃ ফেরত প্রদান করা হবে।

গ। ২১ সেপ্টেম্বর ২০২৫ তারিখ আবেদনকারীর নির্ধারিত বয়সসীমা (৪০ বৎসর) এর মধ্যে থাকতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঘ। সরকারি, আধা সরকারি, স্বায়ত্ত-শাসিত ইত্যাদি প্রতিষ্ঠানে চাকুরীরত যোগ্য প্রার্থীদের উপরোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রেরণ করতে হবে।

ঙ। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যেকোনো আবেদন বাতিল এবং সংরক্ষণে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

চ। আদালত কর্তৃক কোন শাস্তিপ্রাপ্ত হলে/মামলা অনিস্পন্ন থাকলে অযোগ্য বিবেচিত হবেন।

ছ। চুড়ান্ত নির্বাচনকালীন সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

জ। নির্বাচিত প্রার্থীগণকে আগামী নভেম্বর/ডিসেম্বর মাস (কুয়েত কর্তৃক চুড়ান্ত তারিখ নির্ধারণের পর) মিশন এলাকায় মোতায়েনের জন্য প্রস্তুত থাকতে হবে।

৪। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

মোঃ মোজাক্কেরুল আল-আমিন
মেজর
এ্যাডজুটেন্ট
এএফএমআই, ঢাকা সেনানিবাস

# অনলাইনে আবেদন পূরনের নিয়মাবলী

Step-1: https://afmibd.net website এ প্রবেশ করে admission option এ ক্লিক করে sign up now তে ক্লিক করে নাম, ই-মেইল ও mobile no দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করে নিতে হবে।

Step-2: রেজিস্ট্রেশন সম্পন্ন হয়ে গেলে পুনরায় admission tab এ গিয়ে registered mobile number দিয়ে OTP কোডের মাধ্যমে Log in করতে হবে। Log in হলে স্বয়ংক্রিয়ভাবে Profile দেখাবে।

Step-3: পুনরায় Job Apply এ গিয়ে Job Type থেকে Pharmacist OKP-5 এ Click করে Personal information গুলো ফিল আপ করতে হবে।

Step-4: Present ও Permanent address ফিল আপ করে Save and continue বাটনে click করতে হবে।

Step-5: Educational qualification এর তথ্য পূরণ করে Save and continue তে ক্লিক করতে হবে।

Step-6: Passport size এর ছবি (সর্বোচ্চ 100KB), Signature, SSC, HSC, Honors & Masters Marksheet & Experience certificate (optional), জাতীয়তার সনদপত্র Upload করে Save and continue তে ক্লিক করতে হবে। (Size সর্বোচ্চ 512 KB)

Step-7: Terms and condition এ (✓) দিতে হবে। Print/Download Application হতে Applicant কপি Print করে নেয়া যাবে। Submit and continue দিয়ে পরবর্তী ধাপে যেতে হবে।

Step-8: Make payment এ ক্লিক করে debit/credit card এর মাধ্যমে payment করা যাবে অথবা mobile banking এ ক্লিক করে Bkash, Nagad, Upay, Rocket এর মাধ্যমে payment করা যাবে।

Step-9: Admit card download: AFMI website এ Registered No দিয়ে Login করে Student profile থেকে Admit card download করা যাবে।

মোঃ মোজাক্কেরুল আল-আমিন
মেজর
এ্যাডজুটেন্ট
এএফএমআই, ঢাকা সেনানিবাস